FBCCI
THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

THE FEDERATION OF BANGLADESH
CHAMBERS OF COMMERCE & INDUSTRY

১০ জানুয়ারি, ২০২৪

এফবিসিসিআই/অর্থ/২০২৪/৮৩৬

**অতীব জরুরী**

**সভাপতি/চেয়ারম্যান**
সকল সদস্য সংস্থা
এফবিসিসিআই।

বিষয়ঃ **২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট অনুশীলন কার্যক্রমে আয়করসহ অন্যান্য প্রত্যক্ষ করের ক্ষেত্রে বিদ্যমান আইনে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/পরিবর্তন সম্পর্কিত প্রস্তাব/মতামত প্রেরণ প্রসঙ্গে।**

**মহোদয়,**

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, রাজস্ব আহরণের অভ্যন্তরীণ উৎস হিসেবে আয়করসহ অন্যান্য প্রত্যক্ষ কর জাতীয় অর্থনীতিতে বিশেষ ভূমিকা রাখছে। প্রত্যক্ষ কর ব্যবস্থাকে আরও যুগোপযোগী, ব্যবসা-বান্ধব, কর-বান্ধব এবং অংশীদারীত্বমূলক করার লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট প্রণয়নের কাজ ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে শুরু করা হয়েছে।

এফবিসিসিসিআই সহ বিভিন্ন চেম্বার ও এসোসিয়েশনের সুচিন্তিত মতামতকে রাজস্ব আহরণ কার্যক্রমে জাতীয় রাজস্ব বোর্ড অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে থাকে। এ কারণে জাতীয় রাজস্ব বোর্ড থেকে আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট অনুশীলন কার্যক্রমে আয়করসহ অন্যান্য প্রত্যক্ষ করের ক্ষেত্রে বিদ্যমান আইনে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/পরিবর্তন সম্পর্কে এফবিসিসিআই-এর নিকট নিম্নলিখিত আইন ও বিধি বিধানের উপর প্রস্তাবনা চেয়ে পত্র প্রেরণ করেছে। এরই আলোকে (ক) আয়কর আইন, ২০২৩, (খ) উৎসে কর বিধিমালা, ২০২৩ ও অন্যান্য বিধিমালা, (গ) ভ্রমণ কর আইন, ২০০৩, এবং (ঘ) দান কর আইন, ১৯৯০ বিষয়ে নিম্নবর্ণিত ছক মোতাবেক আপনার চেম্বার/ এসোসিয়েশনের মতামত/প্রস্তাবনা এফবিসিসিআই-এর নিকট আগামী ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ইমেইল (parvez.fbcci@gmail.com, nurulhuda.fbcci@gmail.com) এবং হার্ডকপি প্রেরণ করার জন্য সবিশেষ অনুরোধ করা হলো।

| নম্বর | প্রস্তাবকারী | প্রস্তাবের বিষয় | সংশ্লিষ্ট ধারা | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | প্রস্তাবের পক্ষে যুক্তি | রাজস্বের উপর সম্ভাব্য প্রভাব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. |
| | | | | | | | | |

নির্ধারিত সময়ের মধ্যে চেম্বার/এসোসিয়েশনের সুচিন্তিত মতামত/প্রস্তাবনা/সুপারিশমালা বাজেট প্রস্তাব প্রণয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

ধন্যবাদান্তে,

২০/০১/২০২৪
মোঃ আলমগীর
মহাসচিব

অনুলিপিঃ
- সম্মানিত সকল পরিচালক, এফবিসিসিআই।
- সম্মানিত প্যানেল উপদেষ্টাবৃন্দ, এফবিসিসিআই।